

# উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

## সংশোধিত বিজ্ঞপ্তি

স্মারক নং: উবি-০৬/২০০৭-১০৭১৭

তারিখঃ ২১ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ  
০৭ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ

বিষয়ঃ 'বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান - ২০১৮' প্রসঙ্গে।

শিশু থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী, সম্মানিত অভিভাবক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জানানো যাচ্ছে যে,

১। গত ১৫/৩/২০১৮ তারিখের স্থগিতকৃত 'বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান - ২০১৮' আগামী ২৪/০৩/২০১৮ শনিবার সকাল ৯:০০ মিনিটে বিদ্যালয়ের প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠান উপলক্ষে ঐ দিন কার্যদিবস হিসেবে গণ্য হবে।

২। পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীদের ঐ দিন বিদ্যালয়ে আগমনের সময় সকাল ৮:৩০ এবং প্রস্থানের সময় বিকাল ৩:০০ টা।

ক) পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীরা দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের কাছে তাদের উপস্থিতি সকাল ৮:৩০ এর মধ্যে নিশ্চিত করবে।

খ) শিশুশ্রেণি থেকে ৪র্থ শ্রেণি পর্যন্ত এবং একাদশ ও দ্বাদশ শ্রেণির পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীবৃন্দ পুরস্কার বিতরণ পর্ব শেষে বিদ্যালয় ত্যাগ করতে পারবে।

গ) ৫ম থেকে ১০ম শ্রেণির পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীরা বিকাল ৩:০০ টার পূর্বে বিদ্যালয় ত্যাগ করতে পারবে না।

৩। ঐ দিন বিদ্যালয়ের অভ্যন্তরে সকল বিশেষ অনুশীলন কার্যক্রম বন্ধ থাকবে।

বিঃদ্রঃ সকল শিক্ষার্থীকে বিদ্যালয়ের নির্ধারিত ইউনিফর্ম পরে আসতে হবে। সাংস্কৃতিক পর্বে অংশগ্রহণকারী শিক্ষার্থীরা সঙ্গীত শিক্ষক জনাব সঞ্জয় কবিরাজের তত্ত্বাবধানে ১ নং গেইট দিয়ে বিদ্যালয়ে প্রবেশ করবে।

ড. উম্মে সালেমা বেগম  
অধ্যক্ষ

স্মারক নং: উবি-০৬/২০০৭-১০৭১৭

তারিখঃ ২১ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ  
০৭ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ-

- ১। শ্রেণিশিক্ষকবৃন্দ
- ২। সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী
- ৩। সমন্বয়কারী
- ৪। নোটিশ বোর্ড